

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৫.০০১.১৭.১১৩

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৪

২৮ নভেম্বর ২০১৭

বিষয়: ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদরাসার সুপার জনাব নূর মোহাম্মদ (ইনডেক্স নম্বর(৩৪৮১৫৪) -এর বেতন-ভাতার সরকারি অংশ (এমপিও) সাময়িকভাবে স্থগিতকরণসহ স্থায়ীভাবে কেন বহু করা হবেনা এ মমে কারণ দশানো প্রসঙ্গে

- সূত্র: (১) শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাদ্রাসা শাখা-১ এর স্মারক নং ৫৭.০০.০০০০.০৮৫.০২৭.৩৮.১৭/২৬১, তারিখ: ১০ সেপ্টেম্বর ২০১৭খ্রি.
(২) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং ৫৭.২৫.০০০০.০০৪.০৫.০০১.১৭/৯, তারিখ: ০৪.১০.২০১৭খ্রি.
(৩) শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের মাদ্রাসা শাখা-১ এর স্মারক নং ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৩৮.১৭ (অংশ-১)/৩৩৯, তারিখ: ২১ নভেম্বর ২০১৭খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, সূত্র বর্ণিত (১) নং স্মারকের মাধ্যমে “ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি ও সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদরাসার সুপার জনাব নূর মোহাম্মদ-এর বেতন-ভাতা (এমপিও) সাময়িকভাবে স্থগিত করে কেন তা স্থায়ীভাবে বাতিল করা হবে না বা চাকুরী হতে অব্যাহতি প্রদান করা হবে না সে বিষয়ে কারণ দর্শানোর” নিমিত্ত পত্র প্রেরণের জন্য মাদরাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০২. মাদরাসা শিক্ষা অধিদপ্তর সূত্রে বর্ণিত স্মারক নং(২) এর মাধ্যমে উক্ত শিক্ষকের বিরুদ্ধে কি ধরনের অভিযোগ ছিল/আছে, এ সংক্রান্ত তথ্য/প্রমাণক প্রেরণ করার জন্য মন্ত্রণালয়কে পত্র প্রেরণ করে।

০৩. সূত্রে বর্ণিত (৩) নং স্মারকের মাধ্যমে আনিত অভিযোগের প্রেক্ষিতে সম্পন্ন হওয়া তদন্ত প্রতিবেদন ও এ সংক্রান্ত প্রমাণকসমূহ টিএমইডি কর্তৃক অত্র দপ্তরে প্রেরণ করা হয়েছে।

০৪. টিএমইডির পত্রে উল্লেখিত নির্দেশনাটি হলো “ঢাকা জেলার শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদরাসার সুপারের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা মহানগরের শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদরাসার সুপার জনাব নূর মোহাম্মদ (ইনডেক্স নং ৩৪৮১৫৪)-এর বেতন-ভাতা (এমপিও) সাময়িকভাবে স্থগিত রাখার সিদ্ধান্ত গৃহীত হয়েছে “

০৫. এমতাবস্থায়

(ক) টিএমইডি এর উপরিউক্ত নির্দেশনা মতে ঢাকা মহানগরের শ্যামপুর থানাধীন ঢাকা মোহাম্মদীয়া দাখিল মাদরাসার সুপার জনাব নূর মোহাম্মদ (ইনডেক্স নং ৩৪৮১৫৪)-এর বেতন-ভাতা (এমপিও) সাময়িকভাবে স্থগিত রাখার জন্য মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(খ) অভিযোগ প্রমাণিত হওয়ায় সুপার জনাব মোঃ নূর মোহাম্মদ (ইনডেক্স নং ৩৪৮১৫৪) এর এমপিও কেন স্থায়ীভাবে বাতিল করা হবে না সে বিষয়ে আগামী ১৫.১২.২০১৭খ্রি. তারিখের মধ্যে কারণ দর্শানোর জন্য অনুরোধ করা হলো।

২৪-১১-২০১৭

মোঃ বিল্লাল হোসেন
মহাপরিচালক

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

দৃষ্টি আকর্ষণঃ : প্রোগ্রামার-১, ই. এম. আই. এস সেল , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৫.০০১.১৭.১১৩/১(৫)

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪২৪
২৮ নভেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, ঢাকা
- ৩) সভাপতি, ঢাকা মোহাম্মদিয়া দাখিল মাদরাসা, শ্যামপুর, ঢাকা
- ৪) সুপার, ঢাকা মোহাম্মদীয়া দাখিলা মাদরাসা, শ্যামপুর, ঢাকা-কে উপরিত্ত মতে জবাব প্রদানের জন্য বলা হলো। ব্যথতায় প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গৃহীত হবে
- ৫) সংরক্ষণ নথি, মাশিঅ



২৯-১১-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা
সহকারী পরিচালক